গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম

জিএসবির ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী ।

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৭ ডিসেম্বর, ২০২১
সভার সময়	অপরাহ্ন ০৩:০০ ঘটিকা
স্থান	ভূতত্ত্ব ভবনের চতুর্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্তি

আলোচ্য সূচী

১। ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি।

২। বিবিধ।

আলোচনা

সভার সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি প্রথমেই ইনোভেশন টিমের ২০২১-২০২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ও সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চান। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ আহসান হবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন টিমের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

০১। সভায় উল্লেখ করা হয় যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.১ এ একটি উদ্ভাবনী ধারণা ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। 'সাইসমিক জরিপ কার্যক্রমে শট ড্রিলিং সহজিকরণ' শীর্ষক উদ্ভাবনী ধারণার উদ্ভাবক জনাব মোহাম্মদ জহির উদ্দিন, উপ-পরিচালক (ভূ-পদার্থ) বর্তমানে বহিরঙ্গনে অবস্থান করছেন এবং সদস্য সচিবের সাথে টেলিফোনিক আলাপে তিনি ইতোমধ্যে প্রাথমিক কাজ শুরু করেছেন ও নির্ধারিত সময়ের মধ্যে ধারণা বাস্তবায়ন সম্ভব হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

০২। 'জিএসবি'র ভূ-বৈজ্ঞানিক তথ্য অনুসন্ধান' শীর্ষক সেবা সহজিকরণ ধারণার উদ্ভাবক জনাব এ. জে. এম. ইমদাদুল হক, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) বর্তমানে বহিরঙ্গনে অবস্থান করছেন। তিনি প্রাথমিক কাজ শুরু করেছেন এবং নির্ধারিত সময়ের মধ্যে ধারণা বাস্তবায়নের জন্য তার টিমে দুজন সদস্য প্রয়োজন হবে মর্মে সদস্য সচিবের সাথে টেলিফোনিক আলাপে জানান। সভার সভাপতি সর্বসম্মতিক্রমে এই টিমে জনাব মোহাম্মদ আল রাজী, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান কে অন্তর্ভুক্ত করার জন্য বলেন।

৩। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান 'জিএসবি'র লাইব্রেরিকে ই-লাইব্রেরিতে রুপান্তরের লক্ষ্যে ক্যাটালগ প্রস্তুতকরণ' শীর্ষক সেবা ডিজিটাইজেশন আইডিয়া ইতোমধ্যে বাস্তবায়ন করেছেন মর্মে সভায় অবহিত করেন। সভায় উপস্থিত সবাই জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান ও তার টিম কে তার নির্ধারিত সময়ের মধ্যেই ধারণা বাস্তবায়নের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোঃ রিয়াজুল ইসলাম উপ-পরিচালক (রসায়ন) এ বিষয়ে অফিস আদেশ জারীর জন্য ব্যবস্থা নিতে বলেন।

০৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ১.৬.১ এ ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় বিষয়ে একটি সেমিনার আগামী জানুয়ারি মাসের এর ২য় সপ্তাহে আয়োজনের ব্যাপারে জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) মতামত দেন। সভাপতি এ বিষয়ে রিসোর্স পার্সনদের

সাথে যোগাযোগ করে তারিখ নির্ধারনের জন্য জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) কে দায়িত্ব দেন।

০৫। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মোঃ আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.১ এ কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আগামী ফেব্রুয়ারী এর শেষ সপ্তাহে ৩য় প্রশিক্ষণ আয়োজনের ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

০৬। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম ২.২.৫ এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের উদ্দেশ্যে একটি প্রস্তাবনা পেশ করার জন্য জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) কে সভাপতি, ইনোভেশন টিম নির্দেশনা দেন এবং পাশাপাশি কমিটির অন্য সদস্যবৃন্দকে ও এ ব্যাপারে খোজ খবর রাখতে বলেন।

সিদ্ধান্ত

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং.	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ মন্ত্রণালয়/ বিভাগ পর্যায়ের অফিসের জন্য	সিদ্ধান্ত
১।	অনুচ্ছেদ ১.১: উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	১৬/০৩/২০২২ তারিখের মধ্যে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হবে।
২।	অনুচ্ছেদ ১.২: সেবা সহজিকরণ	২৫/০২/২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ করা হবে এবং এ সংক্রান্ত টিমে জনাব মোহাম্মদ আল রাজী, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান কে অন্তর্ভুক্ত করা হলো।
৩।	অনুচ্ছেদ ১.৩: সেবা ডিজিটাইজেশন	ইতোমধ্যে বাস্তবায়ন হয়েছে এবং শীঘ্রই অফিস আদেশ জারীর ব্যবস্থা নেয়া হলো।
৪।	অনুচ্ছেদ ১.৬.১: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেন্জ মোকাবিলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/ কর্মশালা আয়োজন	জানুয়ারি মাসের এর ২য় সপ্তাহে একটি সভা/ কর্মশালা আয়োজন করা হবে এবং এ বিষয়ে রিসোর্স পার্সনদের সাথে যোগাযোগ করে জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) তারিখ নির্ধারনের করবেন।
৫।	অনুচ্ছেদ ২.২.১: কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ	ফেব্রুয়ারী এর শেষ সপ্তাহে ৩য় প্রশিক্ষণ আয়োজন করা হবে।
৬।	অনুচ্ছেদ ২.২.৫: দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	জনাব মোঃ সোহেল রানা, উপ-পরিচালক (ভূতত্ত্ব) ও জনাব মঈন উদ্দিন আহমেদ, উপ-পরিচালক (খনন প্রকৌ.) এ সংক্রান্ত একটি প্রস্তাবনা পেশ করবেন।

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



সালমা আক্তার
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬৩.১৯.২৭

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (ভূতত্ত্ব) , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

২) পরিচালক (ভূতত্ত্ব) , ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৩) উপ-পরিচালক (ভূতত্ত্ব) -৩, অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৪) উপ-পরিচালক (ভূপদার্থ)-২ , অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৫) উপ-পরিচালক (রসায়ন)-১ , বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৬) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৫ , ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারী ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৮) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২ , পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দূর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

৯) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১০) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

১১) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

Habib

মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২